NYC sanitation

সরকারি বিজ্ঞপ্তি

নতুন ব্যবসার পুনঃচক্রীকরণ সংক্রান্ত নিয়মাবলী

নি ইয়র্ক শহরের সমস্ত ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিকে অবশ্যই কিছু জিনিস পুনঃচক্রীকরণ করতে হবে এবং তাদের সাধ্য অনুযায়ী এটি নিশ্চিত করতে হবে যে, ওই সমস্ত পুনঃচক্রীকরণযোগ্য সামগ্রীগুলিকে তাদের বেসরকারি মালবাহী গাড়ি চালকেরা যেন সঠিক পদ্ধতিতে সংগ্রহ ও পরিবহন করেন। পুনঃচক্রীকরণ সংক্রান্ত নতুন আবশ্যকতাসমূহের বিবরণ ও কীভাবে তা মেনে চলবেন সে সংক্রান্ত পরামর্শের জন্য ভিতরে **দেখুন। আরও তথ্যের জন্য দয়া করে** 311-এ যোগাযোগ করুন অথবা **on.nyc.gov/business-recycling দেখুন**।

নিয়মাবলীর সময়সীমা



কীভাবে মেনে চলবেনঃ

1. একজন লাইসেন্সপ্রাপ্ত বেসরকারি মালবাহী গাড়ি চালকের সঙ্গে যোগাযোগ করুন এবং কীভাবে আবর্জনাগুলি সংগ্রহ করা হবে তার একটা পরিকল্পনা ছকে ফেলুন এবং আপনার ভবনের জন্য লাগু করুন। আপনার ভবন ব্যবস্থাপনা বিভাগের তরফে যদি আবর্জনা সামাল দেওয়া হয়, তাহলে তাদের সঙ্গে কাজ করে এটা নিশ্চিত করুন যে আপনার ব্যবসা যেন ওই পরিকল্পনা ও শহরের পুনঃচক্রীকরণ সংক্রান্ত নিয়াবলী মেনে চলে। এই পরিকপ্পনাটিকে নিচে উল্লেখিত বিষয়গুলির একটির **অনুবর্তী হতে হবেঃ উতসে পৃথকীকৃত সংগ্রহ, সহ-সংগ্রহ বা একক অংশে সংগ্রহ (ডায়াগ্রাম দেখুন)**।

   লক্ষ্য করুনঃ কোন অবস্থাতেই, কখনই, আবর্জনা সংগ্রহ করার একই থলেতে পুনঃচক্রীকরণের জিনিসগুলিকে সংগ্রহ করতে দেওয়া যাবে না, বা এমনকি সেগুলিকে একটি ট্রাকের একই কুঠুরিতে বা আধারে আবর্জনার সঙ্গে রাখাও চলবে না।

   - আপনার ব্যবসায় কর্মরত সমস্ত মালবাহী গাড়ি চালকদের অবশ্যই নিশান দ্বারা চিহ্নিত করে দিতে হবে তাঁরা কে কোন ধরনের জিনিসপত্র সংগ্রহ করছেন। পুনঃচক্রীকরণযোগ্য বস্তুগুলির ক্ষেত্রে সেই পুনঃচক্রীকরণযোগ্য বস্তুগুলিকে কীভাবে সংগ্রহ করতে হবে নিশানে তা অবশ্যই নির্দেশ থাকতে হবে (উতসে পৃথকীকৃত, সহ-সংগৃহীত নাকি একক অংশ)। **এই নিশানগুলিকে একটি জানালায় লাগিয়ে দিতে হবে অথবা এমন জায়গায় লাগাতে হবে যাতে সেগুলিকে ভবনের বাইরে থেকে দেখা যায়।**
   - আপনার প্রতিষ্ঠান যদি তাদের পুনঃচক্রীকরণের সামগ্রীগুলি নিজেরাই বহন করে নিয়ে যেতে চায়, সেক্ষেত্রে আপনাকে অবশ্যই সেই মর্মে NYC Business Integrity Commission **থেকে নিবন্ধীকরণ করাতে হবে।**
   - বছরে অন্ততপক্ষে একবার করে বাড়ির মালিক ও ভবন ব্যবস্থাপনা বিভাগকে বাড়ির ভাড়াটিয়াদের সংশ্লিষ্ট পুনঃচক্রীকরণ ও আবর্জনা নিয়ন্ত্রণ নীতি সম্পর্কে অবশ্যই জানাতে হবে। এই সমস্ত নীতিগুলি অবশ্যই NYC-র নিয়মাবলীর অনুবর্তী হতে হবে এবং এই বিজ্ঞপ্তির একটি প্রতিলিপি অবশ্যই DSNY-**এর অনুরোধক্রমে প্রদান করতে হবে।**

2. **গ্রাহক ও কর্মচারিদের জন্য আবর্জনা নিষ্পত্তির জায়গা তৈরি করতে হবে।**

   আবশ্যকঃ

   - **সমস্ত পাত্রগুলিতে একটি করে তকমা লাগাতে হবে এটি উল্লেখ করে যে, উক্ত পাত্রটিকে কী ধরনের বস্তু সংগ্রহের কাজে ব্যবহার করা হচ্ছে।**
   - **পুনঃচক্রীকরণযোগ্য সমস্ত বস্তুগুলিকেই সর্বদাই আবর্জনার থেকে আলাদা করে রাখতে হবে (ডায়াগ্রাম দেখুন)।**
   - রক্ষণাবেক্ষণের স্থানে বা আবর্জনা সংরক্ষণের স্থানগুলিতে আবর্জনা ও পুনঃচক্রীকরণযোগ্য সামগ্রীগুলিকে কীভাবে আলাদা করে রাখতে হবে তা বর্ণনাপূর্বক নিশান লাগান এবং তা **বজায় রাখুন।**
   - সার্বজনীন ক্ষেত্রগুলিতে এবং কর্মচারিদের জায়গাগুলিতে আবর্জনা ও পুনঃচক্রীকরণযোগ্য সামগ্রীগুলিকে কীভাবে আলাদা করে রাখতে হবে তা বর্ণনাপূর্বক নিশান লাগান এবং তা **বজায় রাখুন।**

মালবাহী গাড়ি চালকদের সঙ্গে কথা বলার ব্যাপারে পরামর্শ

- আমরা আপনাদেরকে সেই মালবাহী গাড়ি চালকদের খোঁজ করুন যারা নির্দিষ্টভাবে আপনার চাহিদা ও জিনিসপত্রগুলির জন্য উপযুক্ত। বেসরকারি মালবাহী গাড়ি চালক ও তাঁদের দ্বারা প্রদত্ত পরিষেবাসমূহের একটি তালিকার জন্য দয়া করে nyc.gov/zerowastebusinesses **দেখুন।**
- এই বিজ্ঞপ্তিতে উল্লেখিত আইনকানুন মেনেই ব্যবসায়িক কর্মকাণ্ড নির্বাহ করতে হবে। আপনার যদি মনে হয় যে আপনার মালবাহী গাড়ি চালক বা ভবন ব্যবস্থাপনা বিভাগ **জিনিসপত্র পুনঃচক্রীকরণের ক্ষেত্রে তাদের দায়িত্বগুলি ঠিক মতো পান করছে না, তাহলে** on.nyc.gov/dsny-complaints-**এ গিয়ে একটি অভিযোগ দায়ের করুন এবং** DSNY তার তদন্ত করবে।
- আইনগুলি জানুন। একটি ব্যবসায়িক পুনঃচক্রীকরণ বিষয়ক প্রশিক্ষণের যোগদান করুন অথবা এই ওয়েবসাইটটি দেখুন: on.nyc.gov/zerowaste-business-resources.

কী কী পুনঃচক্রীকরণ করবেন

ধাতু, কাঁচ, প্লাস্টিক এবং পানীয়ের বাক্স



ধাতব ক্যান, অ্যালুমিনিয়ামের তবক (ফয়েল)

কাঁচের বয়াম এবং বোতল

শক্ত প্লাস্টিক

মিশ্র ধাতুন/ প্লাস্টিকের জিনিস



পানীয়ের বাক্স

কাগজ



রসিদ, ডাক, দপ্তরের কাগজপত্র, ফোল্ডার

খবরের কাগজ, সাময়িক পত্রপত্রিকা, তালিকা



কার্ডবোর্ড

আবর্জনা



প্লাস্টিকের ফিল্ম এবং মোড়ক, প্লাস্টিকের থলে*



ফোমের জিনিসপত্র



ময়লা মাখা বা আবৃত কাগজ

খাদ্যের অবশিষ্টাংশ**

আসবাবপত্র

*যদি না আপনার ব্যবসা NYS প্লাস্টিকের থলে ও ফিল্মের মোড়ক সংক্রান্ত আইনের আওতাভুক্ত হয়

**যদি না আপনার ব্যবসা বাণিজ্যিক জৈব বিষয়ক আইনের আওতাভুক্ত হয়

পোশাক-আশাক

কোন মাসে যদি আপনার প্রতিষ্ঠানের মোট জঞ্জালের 10%-র বেশি পোশাক-আশাক থাকে, তাহলে আইনি আবশ্যকতা অনুযায়ী আপনাকে সমস্ত পোশাক-আশাক সংক্রান্ত জঞ্জালগুলিকে **আলাদা করতে হবে এবং পুনঃচক্রীকরণ করতে হবে, যার মধ্যে কাপড়ের ছাঁট, জামাকাপড়, বেল্ট, ব্যাগ এবং জুতোও অন্তর্ভুক্ত। আপনি নিঃখরচায়**
NYC-র পোশাক-আশাক পুনঃচক্রীকরণ কার্যক্রমের জন্যও যোগ্য বলে বিবেচিত হতে পারেন; nyc.gov/refashion দেখুন।

ইয়ার্ডবাকারখানার বর্জ্য

কোন মাসে যদি আপনার প্রতিষ্ঠানের মোট বর্জ্যের 10%-র বেশি আপনার ইয়ার্ড বা কারখানার বর্জ্য থাকে, তাহলে আইনি আবশ্যকতা অনুযায়ী আপনাকে ইয়ার্ড ও কারখানার সমস্ত বর্জ্যগুলিকে আলাদা করতে হবে এবং পুনঃচক্রীকরণ করতে হবে, যার মধ্যে ছাঁটা ঘাস, বাগানের জঞ্জাল, পাতা এবং গাছের ডালপালাও অন্তর্ভুক্ত থাকবে। এই সমস্ত জিনিসগুলিকে অবশ্যই অন্যান্য সমস্ত জিনিসগুলির থেকে আলাদা করে রাখতে হবে।

অঙ্গীয়

নির্দিষ্ট কিছু বৃহদায়তন খাদ্য-বর্জ্য সৃষ্টিকারী প্রতিষ্ঠানগুলিকে আইনি আবশ্যকতা মোতাবেক তাদের জৈব বর্জ্যগুলিকে আলাদা করে রাখতে হয় লাভজনক কাজে ব্যবহারের উদ্দেশ্যে। আপনি এর আওতাভুক্ত কিনা তা দেখুন এখানে on.nyc.gov/commercial-organics. **এই সমস্ত জিনিসগুলিকে অন্য সমস্ত জিনিসের থেকে আলাদা করে রাখতে হবে।**

লক্ষ্য করুনঃ নির্দিষ্ট কিছু জিনিস নিয়ে কাজ করার সময় বিশেষ নজর দেবার দরকার আছে। আইনের উল্লঙ্ঘন এড়াতে, গোটা তালিকাটির জন্য দয়া করে **nyc.gov/zerowastebusinesses** দেখুন।

CRN1DIG-Bengali: Comm Recycling Notice Bengali PDF, 04.16

কীভাবে পুনঃচক্রীকরণ করবেন

গুরুত্বপূর্ণ: একই আধারে বা ট্রাকের একই কুঠুরিতে নোংরা আবর্জনা ও পুনঃচক্রীকরণযোগ্য সামগ্রীগুলিকে একসঙ্গে রাখা আইনবিরুদ্ধ কাজ।

উতসে পৃথকীকৃত সামগ্রীর পুনঃচক্রীকরণ

কর্মচারি এবং/অথবা গ্রাহকেরা সমস্ত জিনিসপত্রগুলিকে সেগুলির জন্য নির্দিষ্ট তকমা লাগানো পাত্রেই ফেলবে।

ভবনের কর্মচারিরা তিনটি বর্জ্য অংশ ব্যবস্থিত করবে। ধাতু, কাঁচ, প্লাস্টিক এবং পিজবোর্ডের বাক্সের স্বচ্ছ থলেগুলিকে কাগজ ও কার্ডবোর্ডের বান্ডিলের স্বচ্ছ থলেগুলি থেকে আলাদা করে রাখতে হবে। নোংরা আবর্জনাগুলিকে পুনঃচক্রীকরণযোগ্য জিনিসগুলি থেকে আলাদা করে রাখতে হবে।

এই তিনটি অংশকে তিনটি আলাদা আলাদা ট্রাকে সংগ্রহ করতে হবে।

সহ-সংগ্রহঃ সঠিক নিথপত্রসহ, একজন মালবাহী গাড়ি চালককে একই ট্রাকে উতসে পৃথকীকৃত পুনঃচক্রীকরণযোগ্য সামগ্রীগুলিকে রাখার অনুমতি দেওয়া যেতে পারে। এক্ষেত্রে, ব্যবসায়িক প্রতিষ্ঠানটিকে অবশ্যই সহ-সংগ্রহ পদ্ধতি ব্যবহৃত হচ্ছে জানিয়ে এবং পুনঃচক্রীকরণযোগ্য সামগ্রী সহ-সংগ্রহের অনুমতিপ্রাপ্ত মালবাহী গাড়ি চালকের নাম উল্লেখ করে একটি নিশান লাগাতে হবে।

একক-অংশের পুনঃচক্রীকরণ



কর্মচারি এবং/অথবা গ্রাহকেরা সমস্ত জিনিসপত্রগুলিকে সেগুলির জন্য নির্দিষ্ট তকমা লাগানো পাত্রেই ফেলবে।

ভবনের কর্মচারিরা দুটি বর্জ্য অংশ ব্যবস্থিত করবে। ধাতু, কাঁচ, পিচবোর্ডের বাক্স, কাগজ এবং কার্ডবোর্ডের বান্ডিলের স্বচ্ছ থলেগুলিকে নোংরা আবর্জনাগুলি থেকে আলাদা করে রাখতে হবে।

পুনঃচক্রীকরণযোগ্য সামগ্রী ও নোংরা আবর্জনাগুলিকে দুটি আলাদা আলাদা ট্রাকে সংগ্রহ করতে হবে। ব্যবসায়িক প্রতিষ্ঠানটিকে যা যা জানিয়ে অবশ্যই নিশান লাগাতে হবে তা হল, একক-অংশের পুনঃচক্রীকরণ ব্যবহৃত হচ্ছে এবং মালবাহী গাড়ি চালক একক-অংশের পুনঃচক্রীরণের সামগ্রী সংগ্রহের জন্য অনুমোদিত।

পরামর্শ!

- যেখানেই কোন আবর্জনা আধার থাক না কেন, সেখানে অবশ্যই পুনঃচক্রীকরণ আধার(গুলি)ও থাকতে হবে।
- আপনার পুনঃচক্রীকরণ কর্মসূচিকে রংয়ের নিশান দ্বারা **চিহ্নিত করুন। নিশান সংক্রান্ত উদাহরণের জন্য দেখুন:** on.nyc.gov/zerowaste-business-resources.
- আইনগুলি জানুন। একটি ব্যবসায়িক পুনঃচক্রীকরণ বিষয়ক প্রশিক্ষণের যোগদান করুন অথবা এই **ওয়েবসাইটটি দেখুন:** on.nyc.gov/zerowaste-business-resources.